66

দৈনিক বাংলা

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

রাজশাহী ও কুমিল্লা বোর্ডের এসএসসি'র আজ ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ আজ বুধবার সকাল ১০টায় রাজশাহী ও কুমিল্লা বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। সকল পরীক্ষা কেন্দ্র থেকে একযোগে এই ফল প্রকাশ করা হবে।

ফলাফল প্রকাশের পর সংশ্লিষ্ট কেন্দ্রের 'কেন্দ্র সচিব'-এর কাছ থেকে সকল স্কুলের প্রধানশিক্ষক নিজ নিজ স্কুলের ফলাফল সংগ্রহ করতে পারবেন। পরীক্ষার্থীদের নিজ নিজ পরীক্ষার ফল তাদের পরীক্ষা কেন্দ্র ও স্কুল থেকে সংগ্রহ করার পরামর্শ দেয়া হয়েছে।